# আন-নাবা | An-Naba' | ٱلنَّبَإ

আয়াতঃ ৭৮ : ৩১

## আরবি মূল আয়াত:

إِنَّ لِلۡمُتَّقِينَ مَفَازًا ﴿٣١﴾

## অনুবাদসমূহ:

নিশ্চয় মুত্তাকীদের জন্য রয়েছে সফলতা। — আল-বায়ান

(অন্য দিকে) মুত্তাকীদের জন্য আছে সাফল্য। — তাইসিরুল

এবং নিশ্চয়ই সংযমশীল লোকদের জন্যই সফলতা; — মুজিবুর রহমান

Indeed, for the righteous is attainment - — Sahih International

### ৩১. নিশ্চয় মুত্তাকীদের জন্য আছে সাফল্য,

-

তাফসীরে জাকারিয়া

### ৩১। নিশ্চয়ই আল্লাহভীরুদের জন্যই রয়েছে সফলতা;[1]

[1] দুর্ভাগ্যবানদের কথা আলোচনা করার পর এখন সৌভাগ্যবানদের আলোচনা এবং তাদের সেই নিয়ামতের বর্ণনা; যা তারা আখেরাতে উপভোগ করবে। আর এই সাফল্য ও নিয়ামত তাকওয়া (আল্লাহভীরুতা)র ফলে লাভ হবে। তাকওয়া হল ঈমান ও আনুগত্যের চাহিদার পরিপূর্ণতার নাম। সৌভাগ্যবান লোক তো তারাই, যারা ঈমান আনার পর তাকওয়া এবং নেক আমলে যত্নবান হয়। আল্লাহ আমাদেরকে তাদের দলভুক্ত করুন। আমীন।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5703

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন